

যুগান্তর

প্রিন্ট: ২০ জুলাই ২০২৫, ০৯:৪২ এএম

শেষ পাতা

প্রাথমিকে ফের বৃত্তি পরীক্ষা চালু



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৮ জুলাই ২০২৫, ১২:০০ এএম

প্রিন্ট সংস্করণ



দীর্ঘদিন পর আবার চালু হতে যাচ্ছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষা। চলতি বছর থেকেই ডিসেম্বরের বার্ষিক পরীক্ষা শেষে পৃথকভাবে এ পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় বৃত্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ এবং পরীক্ষার বিষয় প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২১, ২২, ২৩ ও ২৪ ডিসেম্বর। পরীক্ষা নেওয়া হবে বাংলা, ইংরেজি, প্রাথমিক গণিত এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় ও প্রাথমিক বিজ্ঞান (শেষ দুটি বিষয় একত্রে ধরা হবে) এ চার বিষয়ে। প্রতিটি বিষয়ে পূর্ণমান থাকবে ১০০ এবং সময় নির্ধারণ করা হয়েছে ২ ঘণ্টা ৩০ মিনিট।

বৃহস্পতিবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম (সাধারণ প্রশাসন) স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এতে আরও জানানো হয়, বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা। এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

২০০৯ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা চালু হওয়ার পর থেকে প্রাথমিকে বৃত্তি পরীক্ষা বন্ধ করে দেওয়া হয়েছিল। ২০২২ সালে এটি ফের চালু করার সিদ্ধান্ত নেওয়া হলেও চালু হয়নি। তবে বিকল্প হিসাবে তখন বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। শিক্ষার্থীদের দেওয়া হয় মেধাবৃত্তি। এছাড়া দরিদ্র শিক্ষার্থীদের জন্য চালু রাখা হয় উপবৃত্তি। দীর্ঘদিন পর অন্তর্বর্তী সরকার এই বৃত্তি ফের চালু করতে যাচ্ছে।